

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ২৪১৩

৮/ সওম (রোযা) (১য়০৮)

পরিচ্ছেদঃ ৪৬. কতদূর সফর করলে মুসাফির সওম ভঙ্গ করতে পারে?

بَابُ قَدْرِ مَسِيرَةِ مَا يُفْطَرُ فِيهِ

আরবী

حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّاد، أَخْبَرَنَا اللَّيْثُ يَعْنِي ابْنَ سَعْد، عَنْ يَزِيدَ بْنِ أَبِي حَبِيب، عَنْ أَبِي الْخَيْر، عَنْ مَنْصُورٍ الْكَلْبِيّ، أَنَّ دِحْيَةَ بْنَ خَلِيفَةَ خَرَجَ مِنْ قَرْيَةٍ مِنْ دِمَشْقَ مَرَّةً إِلَى قَدْرِ قَرْيَةٍ عُقْبَةَ، مِنَ الْفُسْطَاطِ، وَذَلِكَ ثَلَاتَةُ أَمْيَالٍ فِي رَمَضَانَ، ثُمَّ إِنَّهُ أَفْطَرَ وَأَفْطَرَ مَعَهُ نَاسٌ، وَكَرِهَ آخَرُونَ أَنْ يُفْطِرُوا، فَلَمَّا رَجَعَ إِلَى قَرْيَتِهِ، قَالَ: وَاللَّهِ لَقَدْ رَأَيْتُ الْيَوْمَ أَمْرًا مَا كُنْتُ أَظُنُ أَنِي أَرَاهُ، إِنَّ قَوْمًا رَغِبُوا عَنْ هَدْي رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصِدَابِهِ، يَقُولُ: ذَلِكَ لِلَّذِينَ صَامُوا، ثُمَّ قَالَ عِنْ هَدْي رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَصِدَابِهِ، يَقُولُ: ذَلِكَ لِلَّذِينَ صَامُوا، ثُمَّ قَالَ عِنْدَ ذَلِكَ: اللَّهُمُّ اقْبضنْنِي إِلَيْكَ

ضعيف

বাংলা

২৪১৩। মানসুর আল-কালবী (রহ.) সূত্রে বর্ণিত। একদা রমাযান মাসে দিহয়া ইবনু খালীফাহ (রাযি.) দামিশকের এক অঞ্চল থেকে 'আকাবাহ ও ফুসতাতের মধ্যবর্তী দূরত্বের সম-পরিমাণ অর্থাৎ তিন মাইল দূরত্ব পর্যন্ত সফর করেন। তখন তিনি সওম ভঙ্গ করলেন এবং তাঁর সাথের কিছু লোকও সওম ভঙ্গ করলো। এ সময় কিছু লোক সওম ভঙ্গ করা অপছন্দ করলো। পরে তিনি নিজ গ্রামে ফিরে এসে বললেন, আল্লাহর শপথ! আজ আমি এমন বিয়ষ দেখেছি, যা কখনো দেখার ধারণাও করিনি। কিছু লোক রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর সাহাবীদের সুন্নাত থেকে বিমুখ হয়েছে। তিনি ঐ লোকদের নিন্দা করলেন যারা (সফরে) সওম রেখেছিল। তিনি বললেন, হে আল্লাহ! আমাকে তোমার হিফাযাতে নাও।[1]

দুর্বল।

English



Narrated Dihyah:

Mansur al-Kalbi said: Dihyah ibn Khalifah once went out from a village of Damascus at as much distance as it measures between Aqabah and al-Fustat during Ramadan; and that is three miles. He then broke his fast and the people broke their fast along with him. But some of them disliked to break their fast. When he came back to his village, he said: I swear by Allah, today I witnessed a thing of which I could not even think to see. The people detested the way of the Messenger of Allah () and his Companions. He said this to those who fasted. At this moment he said: O Allah, make me die.

ফুটনোট

[1]. আহমাদ। সনদে মানসূর ইবনু সাঈদ রয়েছে। ইবনুল মাদীনী বলেন: মাজহুল (অজ্ঞাত), তাকে আমি চিনি না। ইবনু খুয়াইমাহ বলেন: আমি তাকে চিনি না। হাফিয ইবনু হাজার বলেন: মাসতূর (লুপ্ত)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন